

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ মে ২০১৬/২০ বৈশাখ ১৪২৩

নং ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৩—The Motor Vehicle Ordinance, 1983 (LV of 1983) এর Section 52 (1)(d)(ii) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার আস্তঃজেলা ও দূরপাল্লায় চলাচলকারী (ঢাকা মহানগর ও এর পার্শ্ববর্তী এলাকা এবং চট্টগ্রাম মহানগর ব্যতিত) ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করল :

- (ক) ডিজেল চালিত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৪৫ টাকা থেকে ৩ পয়সা কমিয়ে সর্বোচ্চ ১.৪২ টাকা; এবং
- (খ) প্রস্তুতকারক/বিআরটিএ কর্তৃক অনুমোদিত আসন সংখ্যা কমিয়ে আরামদায়ক ভ্রমণের জন্য বাস/মিনিবাসের আসন সংখ্যা পুনর্নির্ধারণ করা হলে উপরি-উক্ত অনুচ্ছেদ-ক অনুযায়ী আনুপাতিক হারে ভাড়ার হার নির্ধারিত হবে। সেক্ষেত্রে রুট পারমিট অনুমোদনকারী কর্তৃপক্ষ (বিআরটিএ/আরটিসি) হতে আনুপাতিকভাবে ভাড়ার হার অনুমোদন করিয়ে নিতে হবে।

২। আস্তঃজেলা ও দূরপাল্লায় চলাচলকারী ডিজেল চালিত বাস ও মিনিবাসের ভাড়া সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা রহিত করা হল।

৩। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ১৫ মে ২০১৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ কামরুল আহসান
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৫৪৩)

মূল্য : টাকা ৪.০০